



সেনাপ্রধানের সঙ্গে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সাক্ষাৎ



সেনাসদরে সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সাথে মার্কিন রাষ্ট্রদূত ব্রেট টি. ক্রিস্টেনসেন। ছবি: সংগৃহীত

বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের নবনিযুক্ত রাষ্ট্রদূত ব্রেট টি. ক্রিস্টেনসেন। এ সাক্ষাৎকে দুই দেশের পারস্পরিক সম্পর্কের ধারাবাহিকতার অংশ হিসেবে দেখা হচ্ছে।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) সেনাসদরে রাষ্ট্রদূতের নেতৃত্বে একটি প্রতিনিধি দল এ বৈঠকে অংশ নেয়। শুরুতেই উভয় পক্ষ শুভেচ্ছা বিনিময় করেন। পরে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার বিদ্যমান সহযোগিতা, পারস্পরিক আস্থা এবং পেশাগত সম্পর্ক আরও বিস্তৃত করার বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে আঞ্চলিক স্থিতিশীলতা, পেশাগত সামরিক বিনিময়, প্রশিক্ষণ কার্যক্রম এবং ভবিষ্যৎ সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্র নিয়েও মতবিনিময় হয় বলে জানা গেছে। এ ধরনের সৌজন্য সাক্ষাৎ দুই দেশের সামরিক ও কূটনৈতিক যোগাযোগকে আরও গতিশীল করে তোলে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

উল্লেখ্য, গত ১০ জানুয়ারি ওয়াশিংটনে মার্কিন পররাষ্ট্র দফতরে বাংলাদেশে রাষ্ট্রদূত হিসেবে শপথ নেন ব্রেট টি. ক্রিস্টেনসেন। দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের সঙ্গে তিনি ধারাবাহিকভাবে সৌজন্য সাক্ষাৎ করে